# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 16-06-2025 Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) একশো দিনের কাজ সহ একাধিক কেন্দ্রীয় প্রকল্পে রাজ্যের প্রাপ্য অর্থ আটকে রাখার অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

বিধানসভায় দলের বিধায়ক মনোজ ওঁরাওকে সাসপেন্ড করার তীব্র নিন্দা করেছে বিজেপি।

২) ভয়াবহ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত খিদিরপুর বাজার নতুন করে তৈরি করে দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত দোকানগুলির মালিকদের ১ লক্ষ টাকা এবং আংশিকভাবে ক্ষতিগ্রস্তদের ৫০ হাজার টাকা দেওয়া হবে বলে তিনি ঘোষণা করেছেন।

৩) রাজ্য মন্ত্রিসভা ওবিসি তালিকা নিয়ে যে বিজ্ঞপ্তি জারি করেছে, তার ওপর স্থগিতাদেশ দেওয়া হবে কিনা সেব্যাপারে কলকাতা হাইকোর্ট আগামীকাল নির্দেশ দেবে।

ওবিসি তালিকা নিয়ে চলতি বিতর্কের প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী জানিয়েছেন, মন্ডল কমিশনের সুপারিশ অনুসারে এই তালিকা প্রস্তুত করা হয়েছে।

৪) নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রে উপ-নির্বাচনে আগামী ১৯-শে জুনের ভোট গ্রহণের জন্য জোরদার প্রস্তুতি চলেছে। শেষ মুহূর্তের প্রচারও তুঙ্গে। প্রচারপর্ব শেষ হবে আগামীকাল।

৫) স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণীর সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষার অন লাইন আবেদন প্রক্রিয়া আজ শুরু হয়েছে। চলবে ১৪-ই জুলাই পর্যন্ত।

৬) কলকাতা সহ রাজ্যের কয়েকটি জেলায় বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

১০০ দিনের কাজ সহ একাধিক কেন্দ্রীয় প্রকল্পে রাজ্যের প্রাপ্য অর্থ আটকে রাখার অভিযোগে কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। বিধানসভায় দাঁড়িয়ে তিনি অভিযোগ করেন, প্রকল্পে যে ধরণের অসঙ্গতির অভিযোগ তুলে এরাজ্যের বরাদ্দ আটকে দেওয়া হচ্ছে সে ধরনের অসঙ্গতি অন্য অনেক রাজ্যে রয়েছে।

মুখ্যমন্ত্রীর বক্তব্য চলাকালীন হট্টগোল শুরু করে দেন বিজেপি বিধায়কেরা। তৃণমূল কংগ্রেসের বিধায়করাও পাল্টা প্রতিবাদের শামিল হন।

একই অভিযোগে সরব হয়েছেন, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী প্রদীপ মজুমদারও। ১০০ দিনের কাজের প্রকল্পে অর্থ খরচে অনিয়মের হার সর্বনিম্ন হলেও শুধুমাত্র রাজনৈতিক কারণে পশ্চিমবঙ্গকে ওই প্রকল্পের বরাদ্দ থেকে বঞ্চিত করা হচ্ছে বলে তাঁর অভিযোগ। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রকের পরিসংখ্যান তুলে ধরে তিনি বলেন, বিজেপি শাসিত একাধিক রাজ্যে ব্যাপক অনিয়ম হলেও তারা নিয়মিত বরাদ্দ পাচ্ছে। ২০২১ থেকে ২০২৫ পর্যন্ত উত্তরপ্রদেশ ১০০ দিনের কাজের প্রকল্পে ৩৮ হাজার ৭৩৮ কোটি টাকা পেয়েছে। এর মধ্যে ৪৮ কোটি ৮৮ লক্ষ টাকা খরচে অনিয়মের অভিযোগ উঠেছে।

বিহারে ওই সময়কালে ২৪ হাজার ৪৯৪ কোটি টাকা বরাদ্দ এসেছে। পশ্চিমবঙ্গে ২০১৬ থেকে ২২ সাল পর্যন্ত ৫০ হাজার ৫৯৩ কোটি টাকা বরাদ্দ এসেছে। এর মধ্যে ৯ কোটি ২০ লক্ষ টাকা খরচে অনিয়মের অভিযোগ রয়েছে, যা সর্বনিম্ন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি রাজ্য বিধানসভায় আজ দলের বিধায়ক মনোজ ওঁরাওকে সাসপেন্ড করার নিন্দা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে জানিয়েছেন,আজ রাজ্য বিধানসভা গণতন্ত্রের উপর এক লজ্জা জনক আক্রমণের সাক্ষী হোল। বিধায়ক মনোজ ওঁরাও শিক্ষকদের চাকরি হারানোর দুর্দশা,রাজ্যে শিক্ষার শোচনীয় পরিণতি ও ব্যর্থতার জন্য তৃণমূল কংগ্রেস সরকারের দুর্নীতিকে দায়ী করে গুরুত্বপূর্ণ বিষয়গুলি উত্থাপন করতে চেয়েছিলেন। তবে অধ্যক্ষ তার ক্ষমতার অপব্যবহার করে বিজেপি বিধায়ককে বরখাস্ত করেছেন। মনোজ ওঁরাও-এর এই

বরখাস্ত শুধুমাত্র অন্যায্য নয়,বিধানসভায় বিরোধীদের কণ্ঠস্বর রোধ করে সত্যকে নিরব করার জন্য তৃণমূল কংগ্রেসের প্রচেষ্টা।

oooooooooooooooooooooo

স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে বেসরকারি হাসপাতাল ও নার্সিংহোমগুলিকে আরও কঠোর নিয়মের মধ্যে আনতে বিধানসভায় আজ এই সংক্রান্ত বিলের ওপর আলোচনা শুরু হয়েছে।

দি ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এসটাবলিসমেন্ট সংশোধনী বিলটি সভায় উত্থাপন করেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ।

প্রথম দিনের আলোচনায় বিজেপি অংশ না নিলেও তৃনমূল কংগ্রেসের ডাঃ রানা চ্যাটার্জী, অপূর্ব সরকার, ডাঃ মুকুটমনি অধিকারী প্রমুখ অংশ নেন। আগামীকাল দ্বিতীয় দিনেও আলোচনা চলবে।

ooooooooooooooooooooooo

ভয়াবহ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত খিদিরপুর বাজার নতুন করে তৈরি করে দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আশ্বাস দিয়েছেন। তিনি আজ ওই বাজার পরিদর্শন করে ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তা দেওয়ার কথাও ঘোষণা করেন। ঘটনার সঠিক তদন্ত হবে বলেও জানান তিনি।

মুখ্যমন্ত্রী জানান, যাদের দোকান পুড়ে গেছে, তাদের কিছুদিনের জন্য অন্যত্র সরানো হবে। সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত দোকানগুলির মালিকদের এক লক্ষ টাকা এবং আংশিকভাবে ক্ষতিগ্রস্তদের ৫০ হাজার টাকা করে দেওয়া হবে বলেও জানান তিনি।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এদিকে, কংগ্রেস খিদিরপুরে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের ৫ লক্ষ টাকা করে ক্ষতিপূরণের দাবি জানিয়েছে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে প্রতিনিধি দল আজ খিদিরপুর বাজার পরিদর্শন করেন। কেন পরপর এই ধরনের অগ্নিকান্ড, সেই প্রশ্নও তোলেন তিনি।

অন্যদিকে, সিপিআইএম-ও অভিযোগ করেছে, বস্তি-ঝুপড়ি বা বাজারে আগুন লাগিয়ে রাজ্য সরকার জমি দখলের চেষ্টা চালাচ্ছে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, মুখ্যমন্ত্রী আজ ঘটনাস্থলে গিয়ে যেভাবে ব্যবসায়ীদের সরে যেতে বলেছেন, তা যথেষ্ট ইঙ্গিতপূর্ণ।

পুলিশ ও দমকল সময়মত সেখানে পৌঁছয়নি বলে তাঁর অভিযোগ।

উল্লেখ্য, গতরাতে বিধ্বংসী অগ্নিকান্ডে ওই বাজারের একাধিক দোকান ভষ্মীভূত হয়। দমকলের ২১-টি ইঞ্জিন দীর্ঘক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য মন্ত্রিসভা ওবিসি তালিকা নিয়ে যে বিজ্ঞপ্তি জারি করেছে তার উপর স্থগিতাদেশ দেওয়া হবে কিনা সেব্যাপারে কলকাতা হাইকোর্ট আগামীকাল নির্দেশ দেবে। দুই বিচারপতি রাজা শেখর মান্থা ও তপব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চ রাজ্যের এডভোকেট জেনারেলকে বলেন, যে সমীক্ষা করছে তাতে ওবিসি সম্প্রদায়ের উপযুক্ত প্রতিনিধিরা আছেন কিনা তা খতিয়ে দেখতে হবে।

এদিকে, রাজ্য অনগ্রসর শ্রেণী কমিশনের তরফে আইনজীবী অভ্রতোষ মজুমদার বলেছেন, নতুন করে ৭১ টি সম্প্রদায়ের উপর সমীক্ষা করার কাজ সম্পূর্ণ। বাকি ৪১-টির উপর সমীক্ষার কাজ চলছে। খুব শীঘ্রই রাজ্য সরকার সেগুলো নিয়ে বিজ্ঞপ্তি জারি করবে। তাঁর দাবি এব্যাপারে কোন অস্বচ্ছতা নেই। কিন্তু জনস্বার্থ মামলা দায়ের করে গোটা প্রক্রিয়া বন্ধ করার চেষ্টা চালানো হচ্ছে।

সাতদিন সময়দিলে প্রয়োজনে বিস্তারিত নথি আদালতে পেশ করতে কমিশন প্রস্তুত বলে জানান আইনজীবী।

উল্লেখ্য, ওবিসি তালিকা নিয়ে রাজ্যের সমীক্ষায় ত্রুটি রয়েছে দাবি করে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়।

মামলাকারী অমল চন্দ্র দাসের আইনজীবী বলেন, রাজ্য মন্ত্রিসভা যে ১৪০টি ওবিসি সম্প্রদায়কে তালিকাভুক্ত করেছে তা ত্রুটিপূর্ণ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ওবিসি সংরক্ষণ নিয়ে রাজ্য রাজনীতিতে বিতর্কের প্রক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছেন, রাজ্য সরকার মণ্ডল কমিশনের সুপারিশ অনুসারে সামাজিক ও অর্থনৈতিকভাবে অনগ্রসর শ্রেণির তালিকা প্রস্তুত করেছে। অনগ্রসর শ্রেণি কমিশনের রিপোর্টের ভিত্তিতেই তা

করা হয়েছে। এই নিয়ে জনগণের মধ্যে যাতে কোনও ভুল বার্তা না যায় সে ব্যাপারেও সতর্ক করে দেন মমতা।

বিধানসভার প্রশ্নোত্তর পর্বে তিনি জানান, এই তালিকায় ১৪০টি জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করা হয়েছে, এর মধ্যে ৮০টি মুসলিম ও ৬০টি অমুসলিম সম্প্রদায়। ওবিসি সংরক্ষণ শুধুমাত্র মুসলিমদের জন্য নয়—সব সম্প্রদায়কে সঙ্গেই নিয়ে এই তালিকা তৈরি হয়েছে বলে তিনি জানান।

এরপর রাজ্য মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন ওবিসি তালিকা নিয়ে জনমানসে যাতে কোনও ভুল ধারণা না ছড়ায়, তা নিশ্চিত করতে হবে। এই তালিকা যে আদালতের নির্দেশ মেনেই তৈরি হয়েছে সাধারণ মানুষকে তা বোঝাতে হবে। মন্ত্রিসভার বৈঠকে স্কুল সার্ভিস কমিশনের জন্য দুটি নতুন উপ-সচিবের পদ তৈরি এবং কলকাতা পুলিশের দুটি যুগ্ম কমিশনারের পদ সৃষ্টির সিদ্ধান্তও গৃহীত হয়েছে।

oooooooooooooooooooooo

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও বিরোধী দলের একজন বিধায়ককে মহেশতলা যাওয়ার অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট । আগামী তিনদিনের মধ্যে তাদের সেখানে যেতে হবে এবং যাওয়ার ২৪ ঘণ্টা আগে ডায়মন্ড হারবার পুলিশ জেলার এসপি এবং রবীন্দ্রনগর থানাকে জানাতে হবে বলে নির্দেশ আদালতের।

ooooooooooooooooooooooo

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রে উপ-নির্বাচনে আগামী ১৯-শে জুনের ভোট গ্রহণের জন্য জোরদার প্রস্তুতি চলেছে। শেষ মুহূর্তের প্রচারও তুঙ্গে। প্রচারপর্ব শেষ হবে আগামীকাল।

এদিকে, উপ-নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ এক পর্যালোচনা বৈঠক করেন। কালিগঞ্জে বিডিও অফিসের কনফারেন্স হলে ওই বৈঠকে সবকটি ভোট কেন্দ্রে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখা হয়। পরে মুখ্য নির্বাচনী আধিকারিক আমাদের জেলা সংবাদদাতা অনুপম মোদককে এক একান্ত সাক্ষাৎকারে জানান, ভোটদাতাদের সুবিধার্থে সবরকমের পদক্ষেপ নেওয়া হয়েছে।

(বাইট – আগরওয়াল)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালিগঞ্জ বিধানসভার উপনির্বাচনের প্রচারে তৃণমূল কংগ্রেসের মন্ত্রী ফিরহাদ হাকিম ও বিজেপি রাজ্য সভাপতি ডক্টর সুকান্ত মজুমদার ও শুভেন্দু অধিকারী বিভিন্ন স্থানে ভোট প্রচারে অংশ সুকান্ত বাবু বলেন, এ রাজ্যের মুখ্যমন্ত্রী সি এ এ তে আবেদন করতে নিষেধ করায় বহু মানুষ বিপাকে পড়েছেন। সিএএ শংসাপত্র যদি হাতে থাকতো তা হলে আজ আর মানুষকে বাইরে যেতে হতো না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষার অনলাইন আবেদন প্রক্রিয়া, আজ শুরু হয়েছে। বিকেল পাঁচটা থেকে এই অনলাইনে আবেদন জানানোর কাজ শুরু হয়েছে, চলবে ১৪ জুলাই বিকেল পাঁচটা পর্যন্ত ।

নবম-দশমে ২৩ হাজার ২১২ এবং একাদশ-দ্বাদশে ১২ হাজার ৫১৪ টি শূন্যপদে শিক্ষক নিয়োগ হবে।

লিখিত পরীক্ষা হবে সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে। ফল প্রকাশ অক্টোবরের চতুর্থ সপ্তাহে। ইন্টারভিউয়ের সম্ভাব্য সময় নভেম্বর মাসের প্রথম থেকে তৃতীয় সপ্তাহ পর্যন্ত। প্যানেল প্রকাশিত হবে ২৪ শে নভেম্বর। কাউন্সেলিং শুরু হবে ২৯ শে নভেম্বর থেকে। সাধারণ এবং ওবিসি শ্রেণিভুক্ত পরীক্ষার্থীদের আবেদনের ফি ৫০০ টাকা এবং তফসিলি জাতি, উপজাতি, বিশেষভাবে সক্ষম পরীক্ষার্থীদের জন্য ফি ২০০ টাকা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

চাকরি ফেরানোর দাবিতে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে চেয়ে আজ বিধানসভা অভিযান করেন যোগ্য চাকরিহারা শিক্ষকদের একাংশ। সুবোধ মল্লিক স্কোয়্যার থেকে মিছিল শুরু করেন তাঁরা। তবে ধর্মতলা ডোরিনা ক্রসিংয়ে পুলিশ মিছিল আটকায়। বিধানসভার দিকে যাওয়ার দাবিতে অনড় থাকেন চাকরিহারা শিক্ষকরা। বিধানসভায় মুখ্যমন্ত্রী ও অধ্যক্ষের সঙ্গে দেখা করার দাবি জানান তাঁরা। শেষ পর্যন্ত ধর্মতলাতেই কর্মসূচি আজকের মত স্থগিত করে দেন

আন্দোলনকারীরা। তাঁদের তরফে সুমন বিশ্বাস জানান, আগামীকাল তাঁরা বিধানসভায় গিয়ে অধ্যক্ষের কাছে ডেপুটেশন দেবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেষে বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের বাড়িতে হামলার প্রতিবাদে বিজেপি আজ কলকাতায় বাংলাদেশ ডেপুটি হাইকমিশন অভিযান করে।

দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় এই অভিযানে উপস্থিত ছিলেন। শিয়ালদা স্টেশন থেকে মিছিল করে তারা বাংলাদেশ ডেপুটি হাইকমিশনে যান। রাজ্য সাধারণ সম্পাদক চট্টোপাধ্যায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অভিযোগ করেন,বাংলাদেশে একের পর এক ধ্বংসলীলা চলছে।

(বাইট – লকেট)

দলের অপর রাজ্য সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল এই মিছিলে অংশ নেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা সহ রাজ্যের কয়েকটি জেলায় বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা ও পশ্চিম মেদিনীপুরে বৃষ্টির পাশাপাশি ঘণ্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

উত্তরবঙ্গের দুই দিনাজপুর ও জলপাইগুড়ি জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। উত্তর-পশ্চিম বঙ্গোপোসাগর ও সংলগ্ন এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং বঙ্গোপোসাগর থেকে অতিরিক্ত পরিমাণে জলীয় বাষ্প প্রবেশ করায় – এই ঝড়-বৃষ্টির সম্ভাবনা বলে জানা গেছে।

উপকূলবর্তী এলাকায় ঝোড়ো হাওয়ার দাপটে সমুদ্র উত্তাল হতে পারে। মৎস্যজীবীদের আজ ও আগামীকাল সমুদ্রে পাড়ি তিতে নিষেধ করা হয়েছে। কলকাতায় আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে প্রায় ৯ মিলিমিটার।

এদিকে, অনুকূল পরিবেশ তৈরি হওয়ায় আষাঢ়ের প্রথম সপ্তাহেই পশ্চিমবঙ্গে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু গাঙ্গেয় পশ্চিমবঙ্গে প্রবেশ করবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।